

গুচ্ছের চূড়ান্ত সিদ্ধান্ত নিতে জবির ডাকা সিডিকেট সভা স্থগিত

জবি প্রতিনিধি

৮ এপ্রিল ২০২৩ ০৫:৪৫ পিএম |

আপডেট: ৮ এপ্রিল ২০২৩ ০৫:৫০

পিএম

33
Shares



জগন্নাথ বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

advertisement

সমন্বিত গুচ্ছ ভর্তি পরীক্ষা পদ্ধতি থেকে বেরিয়ে যাওয়ার সিদ্ধান্ত আগেই নিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি)। আজ শনিবার বিশ্ববিদ্যালয়ের সিডিকেট সভায় এ বিষয়ে আলোচনা হওয়ার কথা ছিল। তবে হঠাৎ করেই এ সভা স্থগিত করেছে কর্তৃপক্ষ। সিডিকেট সদস্য ও বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. শাহজাহান এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, আজকের সিডিকেট সভা স্থগিতের কথা একজন ডেপুটি রেজিস্ট্রার ফোন করে জানিয়েছেন। তবে কি কারণে স্থগিত করা হয়েছে এবং পরবর্তী তারিখ কবে হবে, এ বিষয়ে কিছু জানানো হয়নি।

advertisement

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বলেন, ‘বেশিরভাগ সিভিকেট সদস্যরা না থাকার কারণে আজকের সভাটি স্থগিত করা হয়েছে। আশা করছি আগামী সপ্তাহে সভা আহ্বান করা হতে পারে।’

এর আগে গত বৃহস্পতিবার জবির ৬৫তম একাডেমিক কাউন্সিলে গুচ্ছ থেকে বেরিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। একইসঙ্গে ২০২২-২৩ শিক্ষাবর্ষ থেকে নিজস্ব ব্যবস্থাপনায় ভর্তি পরীক্ষার জন্য কেন্দ্রীয় কমিটিসহ তিনটি ইউনিট কমিটি গঠন করা হয়।